



শেষ মুহূর্তের থাকায় হংকংয়ের কাছে হার বাংলাদেশের



সংগৃহীত ছবি

রোমাঞ্চে ভরা ম্যাচে তিনবার জালের দেখা পেয়েও জয় ছিনিয়ে নিতে পারেনি বাংলাদেশ। শেষ মিনিটে রাফায়েল মারকিয়েসের হ্যাটট্রিক গোলেই হংকংয়ের কাছে ৪-৩ ব্যবধানে হারতে হলো হামজা-শমিতদের।

এএফসি এশিয়ান কাপ বাছাইপর্বে দারুণ লড়াই করেও জয় হাতছাড়া হলো বাংলাদেশের। হংকংয়ের বিপক্ষে শেষ মুহূর্তের গোলে ৪-৩ ব্যবধানে হেরেছে হামজা চৌধুরীর দল। ম্যাচটি ছিল নাটকীয়তায় ভরা—যেখানে আনন্দ, হতাশা আর অবিশ্বাস্য প্রত্যাবর্তনের সব রং একসঙ্গে ছড়িয়ে পড়েছিল মাঠজুড়ে।

ম্যাচের শুরুতেই ঘরের মাঠে আশুন ঝরানো ফুটবল খেলতে থাকে বাংলাদেশ। ১৩তম মিনিটে ফ্রি-কিক থেকে দুর্দান্ত বাঁকানো শটে গোল করেন হামজা চৌধুরী। তার এই গোলেই উল্লাসে মেতে ওঠে পুরো স্টেডিয়াম। কিন্তু প্রথমার্ধের যোগ করা সময়ে ফাহিমের ক্রিয়ারিং ভুলে হংকং সমতায় ফেরে। সুযোগ কাজে লাগিয়ে গোল করেন ব্রাজিলীয় বংশোদ্ভূত ফরোয়ার্ড এভারটন কামারগো।

বিরতির পর আরও চাপে পড়ে বাংলাদেশ। ৫০ মিনিটে শাকিল আহাদ তপুর ভুল পাস থেকে গোল করেন রাফায়েল মারকিয়েস। এরপর ৭৫ মিনিটে আবারও রাফায়েলের গোল হংকংকে ৩-১ ব্যবধানে এগিয়ে দেয়।

তবে হাল ছাড়েননি বাংলাদেশি তরুণরা। ৮৪ মিনিটে শেখ মোরসালিন এক গোল করে আশা জাগান। যোগ করা সময়ের নবম মিনিটে মোরসালিনের কর্নার থেকে শমিত শোমের দুর্দান্ত হেডে সমতায় ফেরে বাংলাদেশ—৩-৩!

ড্র নিশ্চিত ভেবে উল্লাসে ফেটে পড়ে গ্যালারি। কিন্তু সেই আনন্দ স্থায়ী হয়নি। যোগ করা সময়ের ১১তম মিনিটে রাফায়েল মারকিয়েসের হ্যাটট্রিক গোল বাংলাদেশের জয়ের স্বপ্ন ভেঙে দেয়। শেষ বাঁশি বাজতেই মাঠে নেমে আসে নীরবতা—হামজা-শমিতদের চোখে অপূর্ণ স্বপ্নের আক্ষেপ।